# সকল বোর্ড-২০১৫

সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট                                                                 পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶ বঙ্গ-ভারতের ইতিহাসে ১৯৪৩ সালের দুর্ভিক্ষ একটি স্মরণীয় ঘটনা। দ্বিতীয় বিশ্বযুদ্ধ ও ইংরেজদের ভুল খাদ্যনীতির ফলে উক্ত দুর্ভিক্ষে সমগ্র বাংলার প্রায় এক-তৃতীয়াংশ মানুষ মৃত্যুমুখে পতিত হয়। দুর্ভিক্ষ ও অনাহারের ফলশ্রুতিতে ভবঘুরে প্রবণতার বিস্তৃতি ঘটে। পরিশেষে ভিক্ষা বৃত্তিকে নিষিদ্ধ করে প্রণীত হয় Bengal Vagrancy Control Act, 1943.

ক. প্যারিশ (Parish) কী? ১

খ. দরিদ্র আইন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত দুর্ভিক্ষজনিত মৃত্যুর সাথে ইংল্যান্ডের কোন ঘটনার সম্পর্ক আছে? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আইনটির প্রেক্ষাপটের সাথে ইংল্যান্ডের কোন আইনের প্রেক্ষাপটের সাদৃশ্য রয়েছে? বাংলাদেশের দারিদ্র্য দূরীকরণে আইনটির বাস্তবতা নিরূপণ কর। ৪

২.▶ মোহন একটি সমাজ উন্নয়নমূলক সংস্থায় কর্মরত। তার সংস্থাটি গ্রামীণ ভূমিহীনদের বৃত্তিমূলক প্রশিক্ষণ দেয়। নারী ও শিশু নির্যাতন রোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে। আবার নারী ও শিশু নির্যাতনের কারণ অনুসন্ধান করে তা মোকাবিলার উপায় উদ্ভাবনে নিয়োজিত থাকে।

ক. অধ্যাপক ডব্লিউ. এ. ফ্রিডল্যান্ডার লিখিত একটি বইয়ের নাম লিখ। ১

খ. আত্মকর্মসংস্থান বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সমাজকর্মের পরিধিভুক্ত যেসব কার্যক্রমের কথা বলা হয়েছে তা বর্ণনা কর। ৩

ঘ. 'মোহনের সংস্থার কাজের মাধ্যমে সমাজকর্মের পরিধির সামান্যই প্রতিফলিত হয়েছে'- উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৩.▶ সুমনা হক একটি সরকারি শিশু পরিবারের তত্ত্বাবধায়ক। সালমা নামে অতি দরিদ্র পরিবারের পিতৃহীন একটি মেয়েকে তাঁর প্রতিষ্ঠানে আনা হলে তিনি মেয়েটিকে সাদরে গ্রহণ করলেন। মেয়েটির মতামত নিয়ে তার ঝোঁক বুঝে অঙ্কন ও সংগীত শিক্ষার প্রতি গুরুত্বারোপ করলেন।

http://teachingbd.com

ক. CSWE এর পূর্ণরূপ লিখ। ১

খ. সমাজকর্ম মূল্যবোধ বলতে কী বোঝ? ২

গ. সুমনা হকের কর্মতৎপরতার মধ্যে সমাজকর্মের যেসব মূল্যবোধের প্রতিফলন ঘটেছে তার বিবরণ দাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সালমার জীবনের স্থায়ী উন্নয়নে সুমনা সমাজকর্মের আর কোন কোন মূল্যবোধ অনুসরণ করতে পারে? বুঝিয়ে লিখ। ৪

৪.▶ আঃ রহমান গ্রামের একজন সচ্ছল কৃষক। তিনি প্রতি বৎসর তার সম্পদের একটি অংশ দরিদ্র ও অসহায়দের মধ্যে বিতরণ করেন। সম্প্রতি ইসলাম ধর্ম গ্রহণকারী মাইকেল এবং ঋণের কিস্তি পরিশোধে ব্যর্থ রহিমা খাতুনকেও তিনি ঐ অর্থ থেকে দান করেন। তবে তিনি নির্দিষ্ট কয়েকটি খাতের বাইরে ঐ অর্থ বিতরণ করেন না।

ক. ওয়াক্‌ফ এর সাথে সাদৃশ্যপূর্ণ ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানটির নাম লিখ। ১

খ. এতিমখানাগুলোকে শিশু পরিবারে রূপান্তরিত করা হয় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত আঃ রহমানের অর্থ বিতরণ সমাজকল্যাণের কোন ঐতিহ্যগত প্রতিষ্ঠানের উদাহরণ? বর্ণনা কর। ৩

ঘ. উক্ত প্রতিষ্ঠানের অর্থ সুনির্দিষ্ট খাতে বিতরণের তাৎপর্য পাঠ্যপুস্তকের আলোকে বর্ণনা কর। ৪

৫.▶ রজনীদাস ও মিজানুর একই গ্রামের দু'জন ধর্মপ্রাণ মানুষ। রজনী তাঁর সম্পত্তির সম্পূর্ণ অংশ ধর্মীয় কাজে ও মাতৃ-পিতৃহীন শিশুদের শিক্ষার জন্য দান করে গেছেন। অন্যদিকে মিজানুর তার সম্পত্তির ১/২ অংশ মসজিদ, মাদ্রাসা ও এতিমখানার জন্য স্থায়ীভাবে দান করে দিয়েছেন।

ক. সমাজকর্মের বিকাশের ধারা কয়ভাগে বিভক্ত? ১

খ. লঙ্গারখানা বলতে কী বোঝ? ২

গ. রজনীদাস ও মিজানুরের দান যে যে ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানকে নির্দেশ করে তার বর্ণনা দাও। ৩

ঘ. "সৃষ্টিকর্তার সন্তুষ্টিলাভ এবং সমাজসেবায় প্রতিষ্ঠানসমূহের ভূমিকা তাৎপর্যপূর্ণ"- উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৬.▶ সফিক ও শাহেদ উচ্চ মাধ্যমিক শ্রেণির ছাত্র। সফিক ঐচ্ছিক বিষয় হিসেবে যে বিষয়টি পড়ছে তাতে সামাজিক সমস্যার কারণ উদঘাটনের পাশাপাশি সামাজিক সমস্যার বিজ্ঞানসম্মত সমাধান ও পরিবর্তিত পরিস্থিতিতে

http://teachingbd.com

কীভাবে খাপ খাওয়াতে হয় তার বিবরণ আছে। অন্যদিকে শাহেদের পাঠ্যক্রমে মানুষের অভাব, প্রাপ্ত সম্পদ, সম্পদের বহুমুখী ব্যবহার, আয়-ব্যয়ের মধ্যে সামঞ্জস্য বিধান করে ব্যক্তিগত ও জাতীয় উন্নয়নের বিবরণ রয়েছে।

ক. সাংস্কৃতিক নৃবিজ্ঞান কী? ১

খ. সামাজিক বিজ্ঞান বলতে কী বোঝ? ২

গ. সফিক ও শাহেদের পাঠ্যবিষয় দুটি তুমি কীভাবে চিহ্নিত করবে? আলোচনা কর। ৩

ঘ. সামাজিক উন্নয়নের জন্য সফিক ও শাহেদের পঠিত বিষয় দুটি কীভাবে পরস্পরকে সাহায্য করে? তা তোমার পাঠ্যপুস্তকের জ্ঞানের আলোকে ব্যাখ্যা কর। ৪

৮.▶ প্রফেসর শহিদুল ইসলামকে আহ্বায়ক ও চারজন বিজ্ঞ সদস্যকে অর্ন্তভুক্ত করে সরকার মাদকাসক্তদের জন্য করণীয় নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করেন। কমিটি সমাজের বিভিন্নস্তরের মানুষের মতামত নিয়ে একটি রিপোর্ট প্রণয়ন করেন ও সরকারের কাছে রিপোর্টটি জমা দেন।

ক. বাংলাদেশে বর্তমানে প্রচলিত শিক্ষানীতি কখন প্রণীত হয়? ১

খ. পরিকল্পনা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সামাজিক নীতি প্রণয়নের যেসব ধাপ বিবৃত হয়েছে তার বর্ণনা দাও। ৩

ঘ. 'সামাজিক নীতি প্রণয়নে উদ্দীপকে বর্ণিত পদক্ষেপগুলো পর্যাপ্ত নয়'- যুক্তি দেখাও। ৪

৯.▶ আদিবের বয়স ১২ বছর। সমাজবিরোধী কিছু লোকের সংস্পর্শে এসে সে অপরাধপ্রবণ হয়ে পড়ে। সংশোধনের জন্য তাকে একটি সরকারি সমাজসেবা প্রতিষ্ঠানে ভর্তি করা হয়। ঐ প্রতিষ্ঠানের কিছু সমস্যার কারণে আদিব অসুস্থ হয়ে পড়লে তাকে চিকিৎসার জন্য অন্য একটি প্রতিষ্ঠানে ভর্তি করা হয়। দুটি প্রতিষ্ঠানের সমন্বয়হীনতার কারণে আদিবের বর্তমান অবস্থা বেশ শোচনীয় হয়ে পড়েছে।

ক. বাংলাদেশে কত সালে পেশাদার সমাজকর্ম শিক্ষার যাত্রা শুরু হয়? ১

খ. গ্রামীণ সমাজসেবা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সমাজকর্ম পেশার প্রয়োগক্ষেত্রসমূহ চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত প্রয়োগক্ষেত্রে সমাজকর্ম পেশার সফল প্রয়োগে সমস্যাসমূহ বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

## সমাজকর্ম প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ২ ৭ ১

সময় — ৪০ মিনিট

পূর্ণমান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **"সক্ষমকারী পেশা" বলতে বোঝায়—**
ⓚ সমাজকর্মী নিজে আর্থিকভাবে স্বাবলম্বী হয়ে ওঠা
ⓛ সমস্যাগ্রস্ত ব্যক্তির চাকরির ব্যবস্থা করা
ⓜ সমস্যাগ্রস্ত ব্যক্তিকে আর্থিক সাহায্য দেয়া
ⓝ সমস্যাগ্রস্ত ব্যক্তিকে নিজ সামর্থ্যে স্বাবলম্বী করে গড়ে তোলা

২. **১৬০১ সালের দরিদ্র আইন কত সালে সংস্কার করা হয়?**
ⓚ ১৮৩৪ ⓛ ১৯০৫ ⓜ ১৯৪২ ⓝ ১৯৪৫

৩. **"কাউন্সিল অন স্যোশাল ওয়ার্ক এডুকেশন" (CSWE) আমেরিকায় কবে গঠিত হয়?**
ⓚ ১৯২১ ⓛ ১৯৫২ ⓜ ১৯৫৪ ⓝ ১৯৫৫

৪. **"We Feeling" কোন দলে থাকে?**
ⓚ প্রাথমিক দলে ⓛ মাধ্যমিক দলে
ⓜ ক্ষণস্থায়ী দলে ⓝ বহির্দলে

৫. **সমাজকর্মে 'ত্রিবিধ ভূমিকা' বলতে বুঝায়—**
ⓚ প্রতিকার, প্রতিরোধ ও উন্নয়নমূলক
ⓛ পরিচর্যা, প্রতিকার ও বস্তুগত সহায়তামূলক
ⓜ পরিবর্তন, প্রতিরোধ ও অবস্তুগত সহায়তামূলক
ⓝ উন্নয়নমূলক পরিচর্যা ও পরামর্শমূলক

৬. **"সমাজকর্ম"-এর ইংরেজি হলো—**
ⓚ Social science ⓛ Social welfare
ⓜ Social work ⓝ Sociology

৭. **সমাজকর্ম "ব্যক্তিকে একক বা দলীয়ভাবে সামাজিক ও ব্যক্তিগত সন্তুষ্টি ও স্বাধীনতা লাভে সহায়তা করে"-উক্তিটি কার?**
ⓚ মরেল্‌স এবং শেফর ⓛ উইলসন এবং রাইল্যান্ড
ⓜ স্কিডমোর এবং থ্যাকারি
ⓝ ডব্লিউ. এ. ফ্রিডল্যান্ডার

৮. **NASWএর পূর্ণরূপ কী?**
ⓚ National Administration of Social workers
ⓛ National Association of Social work
ⓜ National Administration of Social work
ⓝ National Association of Social workers

৯. **জেরি এবং জেরি এর মতে, শিল্প বিপ্লবের মেয়াদকাল কত?**
ⓚ ১৫৬০-১৬৫০ ⓛ ১৬৬০-১৭৬০
ⓜ ১৭৬০-১৮৫০ ⓝ ১৮৬০-১৯৬০

১০. **বর্তমানে ৪ জন শ্রমিকের কাজ শিল্প বিপ্লবের আগে ১০০ জন শ্রমিক করতো। তাহলে শিল্প বিপ্লবের পরে ২ জন শ্রমিক পূর্বের কতজন শ্রমিকের কাজ করতে পারবে?**
ⓚ ২০ জন ⓛ ৩০ জন
ⓜ ৪০ জন ⓝ ৫০ জন

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:**
হাবিবা এইচএসসি পরীক্ষার্থী। দ্বাদশ শ্রেণিতে উঠার পরপরই বাবা' মা তার বিয়ে দিয়ে দেন। নতুন সংসার ও পরীক্ষার পড়া সবমিলিয়ে সে মানসিক পীড়নের মধ্যে থাকে। টেস্ট পরীক্ষার আগের দিন তার স্বামী কলেজের সমাজকর্মের শিক্ষক মাহফুজ স্যারকে ফোন করে জানায় "হাবিবা অস্বাভাবিক আচরণ করছে।" শিক্ষক বিষয়টি গুরুত্বের সাথে নেন এবং হাবিবার সাথে সরাসরি কথা বলে তাকে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন।

১১. **উদ্দীপকের সমাজকর্মের শিক্ষক কী ভূমিকা পালন করেছেন?**
ⓚ শিক্ষকের ⓛ সমাজকর্মীর
ⓜ অভিভাবকের ⓝ আত্মীয়ের

১২. **হাবিবার আচরণ স্বাভাবিক করতে শিক্ষক সমাজকর্মের কী মূল্যবোধ অনুসরণ করতে পারেন?**
i. আত্মনিয়ন্ত্রণ অধিকার
ii. স্বনির্ভরতা অর্জন iii. সামাজিক দায়িত্ববোধ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

১৩. **বাংলাদেশে সমাজকর্ম পেশা হিসেবে মর্যাদা পেতে কোন বৈশিষ্ট্যটির ঘাটতি রয়েছে?**
ⓚ সমাজকর্ম শিক্ষার প্রসারের অভাব
ⓛ সমাজকর্মীদের দক্ষতা ও যোগ্যতার অভাব
ⓜ সমাজকর্মের জনকল্যাণমুখীর অভাব
ⓝ সমাজকর্ম পেশার সামাজিক ও রাষ্ট্রীয় স্বীকৃতি নেই

১৪. **সনাতন সমাজকল্যাণ ব্যবস্থার মূল চালিকাশক্তি কোনটি?**
ⓚ ধর্ম ও নৈতিক শিক্ষা ⓛ ধর্ম ও মানবতাবোধ
ⓜ পরোপকারিতা ও সহযোগিতা
ⓝ শান্তি ও জনকল্যাণমুখিতা

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও:**
বাংলাদেশের একটি বিশেষ অঞ্চলে খরা মৌসুমে খুব অভাব দেখা দিত। একে অনেকে 'মংগা' নামে অভিহিত করে। সমাজকর্ম বিষয়ে ডিগ্রিধারী এনজিও কর্মী কামাল মনে করে এ অঞ্চলের অভাবগ্রস্ত মানুষকে বাঁচাতে হলে সমাজকর্মের বৈজ্ঞানিক পদ্ধতির পাশাপাশি কিছু সনাতন ব্যবস্থারও প্রচলন দরকার। তিনি তাদেরকে শস্য মৌসুমে একটি "সমবায় শস্যগোলা" প্রতিষ্ঠার পরামর্শ দেন। যা তাদেরকে মংগার সময় খাবার সরবরাহ করবে।

১৫. **উদ্দীপকে ইঙ্গিতকৃত সনাতন সমাজকল্যাণ ব্যবস্থা কোনটি?**
ⓚ লঙ্গরখানা ⓛ ধর্মগোলা
ⓜ জাকাত ⓝ দেবোত্তর

১৬. **উদ্দীপকে ইঙ্গিতকৃত সনাতন সমাজকল্যাণ ব্যবস্থার সাথে বাংলাদেশের বিদ্যমান নিরাপত্তা বেষ্টনী কার্যসূচির কোনটির সাদৃশ্য রয়েছে?**
i. ভিজিএফ ii. ভিজিডি
iii. বয়স্ক ভাতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ i ও ii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৭. **কোন সামাজিক নিরাপত্তা ব্যবস্থায় সেবাগ্রহীতার আইনগত কোন অধিকার নেই?**
ⓚ অবসর ভাতা ⓛ জীবন বিমা
ⓜ সামাজিক সাহায্য ⓝ কল্যাণ তহবিল

১৮. **বিধবা বিবাহ আইন পাস হয় কোন সালে?**
ⓚ ১৮২৯ ⓛ ১৮৩৩
ⓜ ১৮৫৬ ⓝ ১৮৭০

১৯. **নারী জাগরণের শানিত হাতিয়ার "সুলতানার স্বপ্ন" গ্রন্থের লেখক কে?**
ⓚ নওয়াব ফয়জুন্নেছা ⓛ ভিকারুন্নেছা
ⓜ বদরুন্নেছা ⓝ বেগম রোকেয়া

২০. **কোন বিষয়কে মানুষ ও প্রাণীর মন ও আচরণের বিজ্ঞান বলা হয়?**
ⓚ নৃ-বিজ্ঞান ⓛ মনোবিজ্ঞান
ⓜ সমাজবিজ্ঞান ⓝ জীববিজ্ঞান

২১. **Introduction to social work গ্রন্থের লেখক কে?**
ⓚ আর. এ. স্কিডমোর এবং এম.জি. থ্যাকারি
ⓛ ডব্লিউ.এ. ফ্রিডল্যান্ডার
ⓜ জি. উইলসন ও রাইল্যান্ড
ⓝ উইলেনস্কি ও লেবো

http://teachingbd.com

২২. জনবিজ্ঞান কী?
ক শারীরিক ও মানসিক চিকিৎসা সম্পর্কিত বিজ্ঞান
খ আচরণ ও বৃদ্ধি-বিকাশ সম্পর্কিত বিজ্ঞান
গ জন্মশীলতা, মরণশীলতা ও স্থানান্তর সম্পর্কিত বিজ্ঞান
ঘ মানব উৎস, বিবর্তন ও ইতিহাস সম্পর্কিত বিজ্ঞান

২৩. কল্যাণ অর্থনীতির প্রবক্তা কে?
ক এডাম স্মিথ খ মার্শাল
গ রবিন্স ঘ পিগু

২৪. "এনসাইক্লোপিডিয়া অব সোশ্যাল ওয়ার্ক"- গ্রন্থটি কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রকাশিত হয়?
ক COS খ NASW
গ AASW ঘ CSWE

২৫. গবেষণা হলো—
ক কম্পিউটারের সাহায্যে কোনো কিছু খোঁজা
খ হারিয়ে যাওয়া গরু অনুসন্ধান
গ এলোপাথারি খোঁজাখুজি
ঘ বিজ্ঞানভিত্তিক ও ধারাবাহিক অনুসন্ধান

২৬. সমাজকার্যের মৌলিক ও সহায়ক পদ্ধতি কয়টি?
ক তিনটি খ চারটি
গ পাঁচটি ঘ ছয়টি

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :
প্রত্যন্ত অঞ্চলের একটি স্কুলের শিক্ষার্থীরা স্কুলে আসে না। সেখানে গ্রামের মানুষ গরু বেঁধে রাখে। আবার, ঢাকা শহরের একটি গার্লস স্কুলের সামনে ইভটিজাররা প্রায়ই মেয়েদের উত্যক্ত করে।

২৭. উদ্দীপকে উল্লিখিত গ্রামের শিক্ষা প্রতিষ্ঠানের সমস্যা সমাধানে সমাজকার্যের কোন পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে?
ক ব্যক্তি সমাজকার্য খ দল সমাজকার্য
গ সমষ্টি উন্নয়ন ঘ সমষ্টি সংগঠন

২৮. উদ্দীপকে উল্লিখিত উভয় স্কুলের সমস্যা সমাধানে প্রথমেই-
i. আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা নেয়া যেতে পারে
ii. শিক্ষার্থীদের বাবা মাকে সচেতন করা যেতে পারে
iii. সমাজে গণ্যমান্য লোকদের সচেতন করা যেতে পারে
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. বাংলাদেশে সর্বশেষ কত সালে জাতীয় নারী উন্নয়ন নীতি প্রণীত হয়?
ক ২০০৮ খ ২০০৯ গ ২০১০ ঘ ২০১১

৩০. জাতীয় শিশুনীতি ২০১১ অনুযায়ী শিশু বলতে কাদের বুঝানো হয়েছে?
ক ১৩ বছর বয়সী শিশু খ ১৪ বছর বয়সী শিশু
গ ১৬ বছর বয়সী শিশু ঘ ১৮ বছর বয়সী শিশু

৩১. শিশুদের প্রস্তুতিমূলক শিক্ষার জন্য শিক্ষানীতি ২০১০ এ কোন শিক্ষা স্তরের কথা বলা হয়েছে?
ক প্রাথমিক খ প্রাক-প্রাথমিক
গ কিন্ডার গার্টেন ঘ ধর্মীয় শিক্ষা

উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩নং প্রশ্নের উত্তর দাও :




৩২. উদ্দীপকে লক্ষ্য অর্জনের হাতিয়ার হতে পারে তা হলো—
i. সামাজিক নিরাপত্তা কার্যসূচি
ii. সামাজিক আইন
iii. সমাজকার্য পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

৩৩. উদ্দীপকে সামাজিক বিজ্ঞানের যে শাখার বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা হলো—
ক অর্থনীতি খ পৌরনীতি
গ মনোবিজ্ঞান ঘ সমাজকর্ম

৩৪. নিম্নলিখিত কোন দেশে সমাজকর্মের ওপর স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় রয়েছে?
ক দক্ষিণ কোরিয়া খ শ্রীলংকা
গ চীন ঘ জাপান

৩৫. 'অনুঘটক' বলতে বুঝায়—
i. যে নিজে পরিবর্তিত হয়, অপরকে পরিবর্তন করে
ii. যে শুধু নিজে পরিবর্তিত হয়
iii. যে নিজে পরিবর্তিত হয় না, কিন্তু অপরের পরিবর্তন ঘটায়
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ iii ঘ i, ii ও iii

৩৬. সমাজকর্মে সমস্যাগ্রস্ত ব্যক্তির ওপর সমস্যার প্রভাব বলতে বোঝায়—
i. পরিবেশের সাথে খাপ-খাওয়াতে না পারা
ii. সামাজিক ভূমিকা পালনে অপারগতা
iii. স্বীয় সম্পদের ব্যবহার করতে না পারা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮নং প্রশ্নের উত্তর দাও:
শিল্পী টজির কিশোর উন্নয়ন সংস্থায় কাজ করে। জুয়েল নামক একটি ছেলের কেস হিস্ট্রি পর্যালোচনা করে তিনি জুয়েলের হোম ভিজিট করার সিদ্ধান্ত নেয়। হোম ভিজিট করতে গিয়ে শিল্পী মহল্লার বিভিন্ন লোকের কাছে জুয়েলের নেতিবাচক আচরণ ও হোম ভিজিটের কারণ বলতে থাকে। এতে জুয়েল ক্ষিপ্ত হয়ে ওঠে।

৩৭. সমাজকর্মী হিসেবে শিল্পী কোন নীতি রক্ষায় ব্যর্থ হয়েছেন?
ক গ্রহণনীতি খ গোপনীয়তার নীতি
গ ব্যক্তি স্বাতন্ত্রীকরণ নীতি
ঘ সামাজিক দায়িত্ববোধের নীতি

৩৮. সমাজকর্মী শিল্পীর নীতি রক্ষার ব্যর্থতা জুয়েলের আচরণে যে প্রভাব ফেলতে পারে—
i. নিজেকে গুটিয়ে রাখবে
ii. নিজেকে উচ্ছৃঙ্খল করে তুলবে
iii. সমাজকর্মীকে সহায়তা করবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৯. ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন সমাজকর্ম শিক্ষার সূত্রপাত হয় কোন সেশনে?
ক ১৯৫৩-৫৪ খ ১৯৫৮-৫৯
গ ১৯৬৪-৬৫ ঘ ১৯৬৯-৭০

৪০. ভারতে পেশাদার সমাজকর্ম বিকাশে অগ্রদূত কে ছিলেন?
ক ম্যারি রিচমন্ড খ এ্যানা এল. ডয়েস
গ স্যার দোরাবজি টাটা ঘ ক্লিফোর্ড ম্যানশাড

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ঘ |
| | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | ঘ |

http://teachingbd.com